

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর  
\*\*\*\*\*

স-১০২ (আগরতলা ১৩।০৪)  
জিৱানীয়া, ১৩ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন-২০২৪**

**জিৱানীয়া মহকুমায় স্ট্রং রুম পরিদর্শনে সিইও**

আসন্ন লোকসভা নির্বাচনে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের জিৱানীয়া মহকুমায় ভোটের প্রস্তুতি ক্ষতিয়ে দেখতে মুখ্য নির্বাচনী আধিকারিক পুনিত আগরওয়াল আজ বীরেন্দ্রনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে স্ট্রং রুম পরিদর্শন করেন। এরপর তিনি মহকুমা শাসকের কার্যালয়ে নির্বাচনের প্রস্তুতির বিষয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন ও প্রয়োজনীয় নির্দেশ দেন। স্ট্রং রুম পরিদর্শন এবং মহকুমা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে উপস্থিত ছিলেন ৫-খয়েরপুর, ১০-মজলিশপুর ও ১১-মান্দাইবাজার (এসটি) বিধানসভা ক্ষেত্রের এআরও জে ভি দোয়াতি, এআরও শান্তিরঞ্জন চাকমা এবং এআরও অনিমেধ ধর।

\*\*\*\*\*